“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি	মোঃ শাহীনুর ইসলাম পরিচালক (পিএসসি)
সভার তারিখ	৩১-০১-২০২২
সভার সময়	বিকাল ৩:৩০টা
স্থান	কমিটি রুম
উপস্থিতি	সংযুক্ত

বিষয়: পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম মোতাবেক সভার কার্যবিবরণী।

পেট্রোবাংলার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা করেন। সভাপতি মহোদয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় পেট্রোবাংলার সকল পর্যায়ের সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণে গুরুত্বারোপ করেন। এছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সম্পর্কিত কৌশলগত বিষয়ের উল্লেখ রয়েছে মর্মে উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বর্ণিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে সম্পাদনের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

সভায় ২০২১-২২ অর্থবছরের পেট্রোবাংলার উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	কার্যব্যবস্থায়

০১।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম হিসেবে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।	উদ্ভাবন কার্যক্রম হিসেবে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে ইতঃপুর্বে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে Electro Cardiogram (ECG) টেস্ট/পরীক্ষা করতঃ উহার রিপোর্ট প্রদর্শন সাপেক্ষে পেট্রোবাংলার চিকিৎসক কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম-এ স্বাস্থ্যগত প্রকৃতির বিবরণ উল্লেখ করার বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু কোভিড-১৯ মহামারিকালীন সময়ে হাসপাতালে গমনের বিষয়টি বিবেচনা করে বর্ণিত ধারণা আপাতত স্থগিত করার জন্য সংস্থার প্রশাসন বিভাগ হতে অনুরোধ জানানো হয়। সেই পরিপ্রেক্ষিতে বর্ণিত উদ্ভাবনী ধারণাটি স্থগিত করার বিষয়ে প্রশাসন বিভাগের সাথে ইনোভেশন টিম একমত পোষণ করে। সেলক্ষ্যে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্দেশ্যে পেট্রোবাংলার ইনোভেশন টিমের পক্ষ হতে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনী ধারণা/প্রস্তাব প্রদানের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহবান করে পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা
০২।	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি অনলাইন (জুম) সভা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সম্মতি প্রকাশ করা হয়।	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি অনলাইন (জুম) সভা আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা
০৩।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম হিসেবে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণ ও একটি সেবা সহজিকরণ।	ক) ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনায় বর্ণিত ৩০-১২-২০২২ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজকণের হিসেবে "স্থানীয় দ্রব্যাদির অধিযাচন (Requisition) বই" এর পরিবর্তে ডিজিটাল Requisition সিস্টেম প্রবর্তন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। খ) ২০২১-২২ অর্থবছরে একটি সেবা সহজিকরণ হিসেবে পেট্রোবাংলার বিভিন্ন ধরণের আবেদন পত্র/ফরম যেমন: পেনশন উত্তোলনের ফরম, নৈমিত্তিক/অর্জিত/শ্রান্তি বিনোদন ছুটির ফরম, গাড়ি রিকুইজিশন ফরম, ভ্রমণ সংক্রান্ত ফরম, বিভিন্ন ধরণের ঋণ ফরম ইত্যাদি Editable পিডিএফ ফরম্যাটে রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে, যা সভাকে অবহিত করা হয়।	একটি সেবা সহজিকরণ হিসেবে পেট্রোবাংলার বিভিন্ন ধরণের আবেদন পত্র/ফরম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা

০৪।	পেট্রোবাংলার ইনোভেশন টিমের সদস্যদের বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত ২০২১-২২ অর্থবছরের বাৎসরিক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দেশিকায় অনুচ্ছেদ-২.২.৫-এ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া, বর্ণিত বিষয়ে কর্মসম্পাদন সূচকে ৩(তিন) নম্বর রয়েছে। বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন করলেই উক্ত ৩(তিন) নম্বর প্রাপ্ত হবে যা বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে পূর্ণ নম্বর অর্জন করা সম্ভব হবে মর্মে সভায় আলোচনা করা হয়।	টেকশন উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং ৪র্থ শিল্প বিপ্লবের আলোকে গ্যাস সেক্টরে উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ এবং Knowledge Sharing-এর লক্ষ্যে পেট্রোবাংলার ইনোভেশন টিমের জন্য বৈদেশিক প্রশিক্ষণ সংস্থার চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহীনুর ইসলাম
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.১৫

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
২) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
৩) ব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
৪) ব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা, ঢাকা।
৫) উপ-ব্যবস্থাপক (এফএমডি), পেট্রোবাংলা, ঢাকা।

শাহনেওয়াজ পারভেজ
মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট)